

## চিন (বিশেষ অন্তঃশুল্ক) আইন, ১৯৫৯

১৯৫৯-এর ৫৮ নং আইন

[১লা জুন, ১৯৪৮ তারিখে ঘথ-বিদ্যমান]

কোন কোন চিনির উপর বিশেষ অন্তঃশুল্ক আরোপণের  
ব্যবস্থা করণার্থ আইন।

[২৪শে ডিসেম্বর, ১৯৫৯]

ভারত সাধারণতন্ত্রের দশম বর্ষে সংসদ কর্তৃক নিম্নরূপে  
বিধিবদ্ধ হইলঃ—

১। (১) এই আইন চিন (বিশেষ অন্তঃশুল্ক) আইন, ১৯৫৯ সংক্ষিপ্ত নাম ও  
১৯৫৯ নামে অভিহিত হইবে।

প্রারম্ভ।

(২) ইহা ২৫শে অক্টোবর, ১৯৫৯ তারিখে বলিবৎ হইয়াছে  
বলিয়া গণ্য হইবে।

২। এই আইনে, প্রসঙ্গতঃ অন্যথা আবশ্যক না হইলে,— সংজ্ঞা।

(ক) “কেন্দ্রীয় অন্তঃশুল্ক আইন” বলিতে কেন্দ্রীয়  
অন্তঃশুল্ক ও লবণ আইন, ১৯৪৪ ব্যাইবে ;

১৯৪৪-এর  
১।

(খ) “কারখানা” বলিতে এরূপ কোন পরিসর ও তৎসহ  
উহার পরিপার্শ্ব ব্যাইবে, যেখানে বা যাহার কোন  
অংশে চিনি প্রস্তুত করা হইতেছে, অথবা যেখানে বা  
যাহার কোন অংশে চিনির উৎপাদনের সহিত সংশ্লিষ্ট  
কোন প্রস্তুতকরণ প্রক্রিয়া চালান হইতেছে বা সাধারণতঃ  
চালান হয়, এবং উহা এরূপ কোন পরিসর  
অন্তর্ভুক্ত করিবে যেখানে, যে চিনি সম্পর্কে কেন্দ্রীয়  
অন্তঃশুল্ক আইন বা অর্টিরিস্ট অন্তঃশুল্ক (বিশেষ  
গুরুত্বপূর্ণ দ্রব্য) আইন, ১৯৫৭ অনুযায়ী প্রদেশ  
অন্তঃশুল্ক প্রদত্ত হয় নাই, সেই চিনি গুরুত্বজাত  
করা হয় ;

১৯৫৭-এর  
৫৮।

(গ) “চিনি” বলিতে বেকোন প্রকারের চিনি ব্যাইবে  
উহা সম্পূর্ণতঃই প্রস্তুত হউক বা অংশতঃই প্রস্তুত  
হউক, কিন্তু উহা অন্তর্ভুক্ত করিবে না—

(i) খান্দসারী চিনি, অর্থাৎ যে চিনি প্রস্তুতকরণে কোনও  
নির্বাত পাশ্ব বা নির্বাত বাস্তুকরণ ব্যতী কোনটাই  
ব্যবহৃত হয় না ; অথবা

(ii) তাল-চিনি, অর্থাৎ পালমায়রা জাতীয় তালগাছের  
রস জবাল দিয়া প্রাপ্ত তালের গুড় হইতে প্রস্তুত  
চিনি।

৩। (১) এই আইনের প্রারম্ভের তারিখে কোন কারখানার প্রারম্ভের মধ্যে যে পরিমাণ চিনি মজুত থাকে তাহার সম-  
পরিমাণ যে চিনি ঐরূপ প্রারম্ভের তারিখে বা তৎসপরে ঐ কার-  
খানা হইতে অপসারিত হয়, তৎসম্পর্কে হলদর প্রতি দুই টাকা  
বাহাম নয় পয়সা হারে একটি বিশেষ অন্তঃশুল্ক উদ্গৃহীত  
ও সংগৃহীত হইবে।

কোন কোন চিনির  
উপর বিশেষ অভিরিক্ত  
অন্তঃশুল্কের আবোপন।

(২) (১) উপধারায় উল্লিখিত অন্তঃশুল্ক কেন্দ্রীয় অন্তঃ-  
শুল্ক আইন বা তৎকালে বলিবৎ অন্য কোন বিধি অনুযায়ী  
চিনির উপর প্রভার্য অন্তঃশুল্কের অর্টিরিস্ট হইবে।

(৩) কেন্দ্রীয় অন্তঃশুল্ক আইনের ও তদধীনে প্রণীত  
নিয়মাবলীর বিধানসমূহ, প্রত্যর্পণ ও শুল্ক হইতে অব্যাহত  
সম্পর্কিত বিধানসমূহ সহ, যতদ্বারা সম্ভব, (১) উপধারায়  
উল্লিখিত বিশেষ অন্তঃশুল্কের উদ্গৃহণ ও সংগ্রহণের প্রতিও

প্রযুক্ত হইবে, যেমন উহারা কেন্দ্রীয় অন্তঃশূল্ক আইন অনুযায়ী  
চিনির উপর অন্তঃশূল্কের উদ্গ্রহণ ও সংগ্রহণের প্রতি প্রযুক্ত  
হয়।

কোন কোন সংব্যব-  
হারের উপর শুল্ক উদ্গ্রহণের ফল।

৪। যেক্ষেত্রে, অত্যাবশ্যক পণ্য আইন, ১৯৫৫-র ৩ ধারার ১৯৫৫-র  
(২) উপধারার (চ) প্রকরণে উল্লিখিত বিষয় সম্পর্কে প্রদত্ত ১০।

কোন আদেশ পালনকর্ত্ত্বে, কোন ব্যক্তিকে কোন চিনি বিক্রয় করিতে  
হয়, সেক্ষেত্রে, তিনি ঐ চিনির উপর ৩ ধারা অনুযায়ী উদ্গ্রাহ্য  
বিশেষ অন্তঃশূল্ক প্রদান করিয়া থাকিলে, যে চিনি তাঁহাকে  
ঐরূপে বিক্রয় করিতে হয় সেই চিনির মূল্যে, ঐরূপে প্রদত্ত  
শূল্কের সম্পর্কিত অর্থ অন্তভুর্তু হইবে, এবং ক্রেতার নিকট  
হইতে তিনি ঐরূপ পরিমাণ অর্থ পাইবার অধিকারী হইবেন।

নিরসন।

৫। চিনি (বিশেষ অন্তঃশূল্ক) অধ্যাদেশ, ১৯৫৯ এতদ্বারা ১৯৫৯-এর  
নিরসিত হইল।